**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ব্রনক্সে বয়স্কদের জন্য 84 মিলিয়ন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের কাজ সম্পূর্ণ হওয়ার কথা ঘোষণা করেছেন**

***মরিসনিয়ায় ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিওর অ্যাপার্টমেন্টসে 153 টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে যার মধ্যে 57 টি পূর্বে কারাবন্দী থাকা বয়স্কদের জন্য সহায়ক পরিষেবা সহ গৃহ থাকবে***

***গভর্নরের 25 বিলিয়ন ডলারের পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনার পরিপূরক***

***ছবি পাওয়া যাবে [এখানে]***

গভর্নর ক্যাথি হোকল এবং মেয়র এরিক অ্যাডামস ব্রনক্সে বয়স্কদের জন্য 84 মিলিয়ন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের কাজ সম্পূর্ণ হওয়ার কথা ঘোষণা করেছেন। ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিওর অ্যাপার্টমেন্টসে (Trinity-Reverend William James Senior Apartments) 153 টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে যার মধ্যে 57 টি সংরক্ষিত থাকবে বয়স্কদের জন্য দ্য ফরচুন সোসাইটির (The Fortune Society) মাধ্যমে অন-সাইট সহায়ক পরিষেবা সহ।

"যখন আমরা মহামারী থেকে আরোগ্যলাভ করছি, নিউ ইয়র্ককে সবার জন্য আরো বেশি সাশ্রয়ী একটি স্থানে পরিণত করতে আমাদের সাহসী পদক্ষেপ গ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, আর এই কারণে আমার প্রশাসন প্রত্যেক নিউ ইয়র্কবাসীর নিরাপদ, সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস থাকা নিশ্চিত করতে সাহায্য করার জন্য 25 বিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী আবাসন পরিকল্পনা চালু করেছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমার প্রশাসন এটির মত রূপান্তরমূলক প্রকল্পকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রাখবে যা আবাসন সংকটের মোকাবিলা করার জন্য অব্যবহৃত স্থানের পুনর্ব্যবহার করে। প্রতিটি নিউ ইয়র্কবাসী বসবাসের জন্য একটি জায়গা এবং তাদের উন্নতির জন্য প্রয়োজনীয় সংস্থানগুলি প্রাপ্য - তার মধ্যে অবশ্যই আছেন আমাদের সকল বয়স্করা এবং যারা আগে কারাবন্দী ছিলেন।"

"আমরা নিউ ইয়র্ক সিটিকে আরও ন্যায়সঙ্গত এবং ন্যায্যভাবে গড়ে তুলছি, এবং আগে কারাবন্দী হওয়া বয়স্কদের জন্য ব্রঙ্কসে নতুন বাড়িগুলি সহ এই প্রকল্পটি সঠিক পথে একটি পদক্ষেপের প্রতিনিধিত্ব করে," **মেয়র অ্যাডামস বলেছেন।** "এই বাড়িগুলি আমাদের সব চেয়ে দুর্বল নিউ

ইয়র্কবাসীদের জন্য একটি নিরাপদ, পরিষ্কার জায়গা প্রদান করবে এবং যতক্ষণ আমি মেয়র থাকব ততক্ষণ আমি এই লক্ষ্যগুলিকে এবং সম্প্রদায়গুলিকে অগ্রাধিকার দিতে থাকব।"

ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টস হল আবাসনকে আরও সাশ্রয়ী মূল্যের, ন্যায়সঙ্গত এবং স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের ব্যাপক পরিকল্পনাগুলির অংশ। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে, গভর্নর একটি নতুন 25 বিলিয়ন ডলারের, পাঁচ বছরের, ব্যাপক আবাসনের পরিকল্পনা সফলভাবে সুরক্ষিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে 10,000 টি হবে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা করা।

মরিসানিয়ার এলাকায় 1074 ওয়াশিংটন অ্যাভিনিউতে অবস্থিত ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টস পূর্বের একটি খালি ইউনাইটেড মেথোডিস্ট চার্চ দ্বারা দখলকৃত জমিতে নির্মিত হয়েছে। 62 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য 144টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত আছে যাদের আয় এরিয়া মিডিয়ান ইনকামের ষাট শতাংশ বা তার কম। দশটি অ্যাপার্টমেন্ট 55 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত।

57টি অ্যাপার্টমেন্ট সেই বয়স্কদের জন্য সংরক্ষিত আছে যারা আগে কারাবন্দী ছিলেন। ফরচুন সোসাইটি (Fortune Society) এই বাসিন্দাদের অন-সাইট পরিষেবা প্রদানের সাথে ভবনটিরর নিচতলায় বৃহত্তর সম্প্রদায়ের জন্য উন্মুক্ত 5,400 বর্গফুটের সামাজিক পরিষেবার স্থান পরিচালনা করবে। স্যাটেলাইট অবস্থান ফৌজদারি বিচারের ইতিহাস সহ ব্যক্তিদের কাউন্সেলিং, মামলা পরিচালনা, বৃত্তিমূলক এবং স্বাস্থ্য-সম্পর্কিত পরিষেবা প্রদান করে।

সহায়ক অ্যাপার্টমেন্টগুলির মধ্যে 47টির জন্য পরিষেবা এবং ভাড়ার ভর্তুকি ফরচুন সোসাইটিকে একটি এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ অ্যাওয়ার্ডের (Empire State Supportive Housing Initiative award) মাধ্যমে অর্থায়ন করা হয়। বাকি দশটি নিউ ইয়র্ক সিটি 15/15 সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের (New York City 15/15 Supportive Housing Initiative) মাধ্যমে অর্থায়ন করা হয়।

আবাসিক সুবিধার মধ্যে রয়েছে লন্ড্রির সুবিধাগুলি, একটি ভাড়াটেদের জন্য ব্যায়াম কক্ষ, হাইড্রোপনিক গাছ লাগানোর জন্য গ্রিনহাউস হিসেবে ব্যবহৃত একটি সানরুম, একটি বহিরঙ্গনের আবাসিক বাগান এবং বাইক রাখার জায়গা। একজন অন-সাইট সুপারিনটেনডেন্টের জন্য একটি অ্যাপার্টমেন্ট আছে।

ট্রিনিটি মরিসানিয়া চার্চটি যেটি একবার বিল্ডিংয়ের জায়গায় দাঁড়িয়েছিল তা মূলত 1865 সালে নির্মিত হয়েছিল কিন্তু এটি অকেজো হয়ে পরেছিল। প্রাক্তন চার্চ বিল্ডিংয়ের উপাদানগুলিকে নতুন জায়গায় আনা হয়েছে, যার মধ্যে আছে পুনরুদ্ধার করা রঙযুক্ত কাঁচের জানালা, পিউ এবং অন্যান্য স্থাপত্যের বিশদ যা বাসিন্দাদের সম্পত্তিটির ইতিহাস মনে করিয়ে দেবে।

উন্নয়নের দলে রয়েছে ব্রনক্সপ্রো (BronxPro), ফরচুন সোসাইটি এবং ইউনাইটেড মেথোডিস্ট সিটি সোসাইটি(United Methodist City Society)।

উন্নয়নের জন্য রাজ্যের অর্থায়নের মধ্যে রয়েছে স্থায়ী কর-মুক্ত বন্ডে 15.9 মিলিয়ন ডলার, ফেডারেল নিম্ন-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা 33 মিলিয়ন ডলারের ইক্যুইটি উৎপন্ন করেছে, 11.6 মিলিয়ন ডলারের ভর্তুকি এবং কমিউনিটি ইনভেস্টমেন্ট ফান্ড প্রোগ্রামের মাধ্যমে 2 মিলিয়ন ডলার তৈরি করেছে, সবটাই নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে প্রাপ্ত।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (New York City Department of Housing Preservation and Development) তার বয়স্কদের সাশ্রয়ী মূল্যের ভাড়ার সহায়তা প্রোগ্রাম এবং প্রকল্প-ভিত্তিক ভাউচারের মাধ্যমে 106 টি পরিবারের জন্য 13 মিলিয়ন ডলার প্রদান করেছে। এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনারস (Enterprise Community Partners), ফ্রেডি ম্যাক (Freddie Mac) এবং JP মরগান চেজ (JP Morgan Chase) দ্বারা অতিরিক্ত অর্থায়ন এবং উন্নয়নের সহায়তা প্রদান করা হয়েছে।

**হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথান ভিসনাউসকাস বলেছেন,** "ইউনাইটেড মেথোডিস্ট সিটি সোসাইটি এবং ব্রঙ্কসপ্রোর সাথে আমাদের অংশীদারিত্বকে ধন্যবাদ, ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টস একটি অব্যবহৃত চার্চেরর সম্পত্তির জন্য নতুন উদ্দেশ্য প্রদান করে বয়স্কদের জন্য 153টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করে অন-সাইট সহায়ক পরিষেবার প্রকারগুলি সহ যা তাদের স্থিতিশীলতা, স্বাধীনতা এবং উন্নত স্বাস্থ্যের ফলাফল অর্জন করতে সহায়তা করবে। দ্য ফরচুন সোসাইটি এই উন্নয়নের একটি অবিচ্ছেদ্য অংশ হওয়ার জন্য আমরা বিশেষভাবে কৃতজ্ঞ। আবাসন সহ সংস্থান এবং নতুন সুযোগসমূহের অ্যাক্সেস প্রদানের মাধ্যমে পূর্বে কারাবন্দী নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য তাদের মডেল নিউ ইয়র্ককে বসবাসের জন্য আরও ন্যায়সঙ্গত এবং অন্তর্ভুক্তিমূলক জায়গা করে তলার জন্য আমাদের ভাগ করা মিশনের জন্য গুরুত্বপূর্ণ। মরিসানিয়া এলাকার জন্য এই উন্নয়নকে বাস্তবায়িত করার জন্য প্রতিটি অংশীদারকে আমাদের ধন্যবাদ জানাই।"

**নিউ ইয়র্ক সিটির চিফ হাউজিং অফিসার জেসিকা কাটজ বলেছেন,** "নিউ ইয়র্কবাসীদের তাদের নতুন সাশ্রয়ী মূল্যের বাড়িতে স্বাগত জানানোর মত এই ধরনের মুহূর্তগুলি আমাদের কাজের চূড়ান্ত লক্ষ্য। ইউনাইটেড মেথোডিস্ট সিটি সোসাইটি, ফরচুন সোসাইটি এবং ব্রঙ্কস প্রো গ্রুপকে অভিনন্দন। ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টস আমাদের শহরের একটি অতি প্রয়োজনীয় নতুন সংযোজন যা কেবল আবাসনের ঘাটতিই কমিয়ে দেবে না বরং এটিও নিশ্চিত করবে যে বয়স্কদের এমন একটি বাড়ি থাকে যেখানে তারা তাদের প্রাপ্য মর্যাদার সাথে বয়:বৃদ্ধি করতে পারেন।"

**নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের (New York City Department of Housing Preservation and Development) কমিশনার অ্যাডলফো ক্যারিয়ন জুনিয়র বলেছেন,** "আজকের ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টস খোলার সাথে, আমরা আমাদের শহরের বহু বয়স্কদের গৃহে ফেরা

উদযাপন করছি, 150 টিরও বেশি নিরাপদ, স্থিতিশীল, এবং স্বাস্থ্যকর বাড়ি প্রদান করে যেখানে তারা শান্তিপূর্ণভাবে স্বস্থানে বয়:বৃদ্ধি করতে পারেন৷ বহু নতুন বাসিন্দাদের জন্য আমরা তাদের চাহিদার সম্পূর্ণ পরিসরের পূরণ করে এমন অন-সাইট সহায়ক পরিষেবা প্রদানের মাধ্যমে কারাবাস এবং গৃহহীনতার চক্রকে বিপরীত করছি। ইউনাইটেড মেথোডিস্ট সিটি সোসাইটি, ফরচুন সোসাইটি এবং ব্রঙ্কস প্রো গ্রুপের মতো অংশীদাররা যারা নিশ্চিত করে যে নিউ ইয়র্ক সিটির সব চেয়ে দুর্বল জনসংখ্যাকে আর উপেক্ষা করা হবে না তাদের নেতৃত্ব ছাড়া এটি সম্ভব হত না। সকল অংশীদারদের ধন্যবাদ এবং নতুন বাসিন্দাদের তাদের বাড়িতে স্বাগত জানাই।"

**প্রতিনিধি রিচি টরেস বলেছেন,** "মহামারীর পরে জীবনযাত্রার খরচ যেহেতু বেড়ে চলেছে, বয়স্কদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন আগের চেয়ে আরো বেশি গুরুত্বপূর্ণ। গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের এই 84 মিলিয়ন ডলার বিনিয়োগকে ধন্যবাদ, আমরা আমাদের বোরোতে সমস্ত বয়স্কদের তাদের প্রয়োজনীয় এবং প্রাপ্য শালীন, সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস রয়েছে তা নিশ্চিত করার উদ্দেশ্যে আরো এক ধাপ অগ্রসর হয়েছি"

**রাজ্য সিনেটর লুইস সেপুলভেদা বলেছেন,** "আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ নির্বাচনী এলাকার প্রতি আমাদের প্রকৃত সাশ্রয়ী মূল্যের আবাসন এবং সহায়ক পরিষেবা প্রদান করার ঋণ আমাদের উপর রয়েছে। আমি ব্রঙ্কসপ্রো (BronxPro), ফরচুন সোসাইটি, এবং ইউনাইটেড মেথডিস্ট চার্চকে (United Methodist Church) মরিসানিয়ায় ট্রিনিটি-রেভারেন্ড জেমস সিনিয়র অ্যাপার্টমেন্ট তৈরি করার উদ্দেশ্যে একত্রিত হওয়ার জন্য সাধুবাদ জানাতে চাই। এই প্রকল্পের মাধ্যমে, আমাদের অভাবী প্রবীণ নাগরিকদের প্রকৃত সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করা হবে যাদের বয়:বৃদ্ধির জন্য উচ্চমানের পরিষেবা সহ স্থায়ী আবাসন প্রাপ্য। আমি আশা করি এই প্রকল্পটি আরও অনেকগুলির মধ্যে কেবল একটি যখন আমরা আবাসনের অনিশ্চয়তা এবং গৃহহীনতার মোকাবেলা করার জন্য এক সাথে কাজ করছি।"

**বিধানসভার সদস্য চ্যান্টেল জ্যাকসন বলেছেন,** "আমি দীর্ঘদিন ধরে বিশ্বাস করে এসেছি যে আবাসন একটি সংস্থান যা আমাদের সম্প্রদায়ের দুর্বল গোষ্ঠীগুলিরর অ্যাক্সেসযোগ্য হওয়া উচিত। আমি NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (NYS Homes & Community Renewal) মরিসানিয়ায় ট্রিনিটি-রেভারেন্ড জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টস খোলার কথা ঘোষণা করার জন্য কৃতজ্ঞ কারণ এটি এমন ব্যক্তিদের জন্য আবাসন সরবরাহ করবে যাদের তা সব চেয়ে বেশি প্রয়োজন: বয়স্ক, নিম্ন-আয়ের বাসিন্দা এবং অপরাধমূলক রেকর্ড সহ প্রাপ্তবয়স্করা যারা সম্প্রদায়ের মধ্যে পুনরায় একীভূত হওয়ার চেষ্টা করছেন।"

**ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট ভেনেসা এল. গিবসন বলেছেন,** "সাউথ ব্রঙ্কসে ট্রিনিটি-রেভারেন্ড জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টসের উদ্বোধনের জন্য বহু বছর লেগেছে এবং এটি আমাদের বয়স্ক প্রাপ্তবয়স্কদের জন্য একটি বিশাল জয় যারা কেবল সাশ্রয়ী মূল্যের আবাসনই নয়, সর্বব্যাপী পরিষেবা, ফিটনেস সরঞ্জাম, একটি আবাসিক বাগান এবং অন্যান্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পাবেন বাড়ি থেকে না বেরিয়েই। ব্রঙ্কস বহু বছরের পদ্ধতিগত বৈষম্যের দ্বারা বিধ্বস্ত হয়েছে যা কোভিড-19 এর ফলে আরও বৃদ্ধি পেয়েছে এবং আমরা যখন মহামারী থেকে পুনরুদ্ধার করার চেষ্টা করছি, তখন আবাসনের প্রয়োজনীয়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, ব্রঙ্কসপ্রো, ফরচুন সোসাইটি এবং ইউনাইটেড মেথডিস্ট চার্চকে

ধন্যবাদ জানাতে চাই এই প্রকল্পে তাদের অংশীদারিত্বের জন্য এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর সাশ্রয়ী মূল্যের, মানসম্পন্ন, নিরাপদ আবাসনের অধিকার নিশ্চিত করার অঙ্গীকারবদ্ধতার জন্য।"

**সিটি কাউন্সিল সদস্য আলথিয়া স্টিভেনস বলেছেন,** "মরিসানিয়া সম্প্রদায়ে প্রবেশের জন্য নতুন উন্নয়ন পরিকল্পনা প্রবর্তনের বিষয়ে আমি উত্তেজিত। এটা গুরুত্বপূর্ণ যে আমরা আমাদের বয়স্ক প্রাপ্তবয়স্ক জনসংখ্যার জন্য বিনিয়োগ করছি তাদের দৈনন্দিন জীবনে স্বাস্থ্যকর এবং ন্যায়সঙ্গত অ্যাক্সেসযোগ্যতা নিশ্চিত করার জন্য। এছাড়াও, এই উন্নয়নটি অস্থায়ী আবাসনের পরিবর্তে স্থায়ী আবাসনের জন্য আরও সুযোগ প্রতিষ্ঠার অগ্রগতিতে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করবে।"

**ব্রঙ্কস প্রো গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা সামান্থা ম্যাজিস্ট্রো বলেছেন,** "আমরা আমাদের বিশ্বাস-ভিত্তিক অংশীদার দ্য ইউনাইটেড মেথডিস্ট সিটি সোসাইটি, সমাজ সেবা প্রদানকারী দ্য ফরচুন সোসাইটি এবং সেই সাথে 1074 ওয়াশিংটনে এই বিশেষ সিনিয়র আবাসন প্রকল্পটি বিকাশের জন্য আমাদের সকল অর্থায়নকারী অংশীদারদের সাথে দল গঠন করতে পেরে গর্বিত। গুরুত্বপূর্ণ সাশ্রয়ী মূল্যের এবং স্বাধীন বয়স্কদের আবাসন প্রদানের জন্য কাজ করা আমাদের মিশনের অবিচ্ছেদ্য অংশ এবং এই প্রকল্পের সাথে, আমরা আনুষ্ঠানিকভাবে গৃহহীন এবং ন্যায়বিচার জড়িত প্রবীণ নাগরিকদের জন্য পরিষেবা প্রদানের মাধ্যমে আমাদের প্রভাব প্রসারিত করতে সক্ষম হয়েছি। আবাসনের এই মডেলটি মর্যাদার সাথে এবং নিরাপত্তার সাথে আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ এবং বঞ্চিত নিউ ইয়র্কবাসীদের বয়:বৃদ্ধি করতে দেবে। ব্রঙ্কস প্রো গ্রুপ এখন এই মরিসানিয়ার এলাকায়, 1074 ওয়াশিংটন অ্যাভিনিউ সহ সাশ্রয়ী মূল্যের আবাসনের 5টি প্রকল্প প্রদান করেছে, বিভিন্ন প্রোগ্রাম এবং পরিষেবার মাধ্যমে যা আমাদেরকে 'ব্লক বাই ব্লক' সম্প্রদায়গুলি এবং যাদের আমরা সেবা প্রদান করি তাদের রূপান্তর করতে সক্ষম করেছে।"

**ইউনাইটেড মেথডিস্ট সিটি সোসাইটির নির্বাহী পরিচালক বিল শিলাডি বলেছেন,** "বিশ্বাসী মানুষ হিসেবে আমরা রূপান্তরে বিশ্বাস করি। এই ক্ষেত্রে, আমরা একটি অব্যবহৃত ভেঙে যাওয়া গির্জার সম্পত্তি নিয়েছি এবং এটিকে এই ব্রঙ্কস সম্প্রদায়ের বয়স্কদের জন্য একটি সুন্দর নতুন বাড়িতে পরিণত করেছি। এটি একটি বিশ্বাস এবং সম্প্রদায়ের অংশীদারিত্বের একটি চমৎকার উদাহরণ যা একটি মিশন চালিত সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করে একটি গির্জার সম্পত্তিকে পুনরুদ্ধার করে, যখন একটি ধর্মীয় মণ্ডলীর অস্তিত্ব লোপ পায় এবং আমরা এটি বয়স্কদের এবং বিশেষ করে পূর্বে গৃহহীন প্রত্যাবর্তনকারী নাগরিকদের আবাসনের প্রয়োজন পূরণের জন্য ব্যবহার করি। ইউনাইটেড মেথডিস্ট সিটি সোসাইটি এবং নিউ ইয়র্ক অ্যানুয়াল কনফারেন্স, ব্রঙ্কস প্রো গ্রুপ এবং দ্য ফরচুন সোসাইটির সাথে অংশীদারিত্ব করতে পেরে রোমাঞ্চিত। যারা এই ভবনটি বাস্তবায়িত করা সম্ভব করেছেন তাদের কাছে আমরা কৃতজ্ঞ। সাশ্রয়ী মূল্যের আবাসন সমস্ত ধর্মীয় ঐতিহ্যের উদ্দেশ্যে হওয়া উচিত।"

**জোঅ্যান পেজ, দ্য ফরচুন সোসাইটির প্রেসিডেন্ট এবং সিইও বলেছেন,** "আমাদের কারাগার এবং কারাগারের জনসংখ্যার বয়স বাড়ছে, এবং বয়স্ক ব্যক্তিরা যখন কারাবাস ছেড়ে বেরোন, তখন তারা এমন একটি পৃথিবীর মুখোমুখি হন যা তাদের ছেড়ে আসা দুনিয়ার থেকে খুব আলাদা। তার উপরে, তারা মানসিক স্বাস্থ্য, শারীরিক স্বাস্থ্য, ট্রমা এবং পদার্থ ব্যবহারের

সমস্যাগুলির মুখোমুখি হন যা প্রায়শই বছরের পর বছর কারাবাসের কারণে বেড়ে যায়। বহু মানুষ আশ্রয় ব্যবস্থার মধ্যে গিয়ে পরেন কারণ পূর্বে কারাবন্দী প্রবীণদের জন্য সহায়ক আবাসনের অভাব রয়েছে এবং বাড়িওয়ালার বৈষম্যের বাহুল্য প্রবল। ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টে ম্যান্ডেলা কমিউনিটি ব্যাপক, সামগ্রিক সহায়তা পরিষেবা প্রদানের মাধ্যমে এই জরুরী প্রয়োজনের সমাধান করে - পূর্বে কারারুদ্ধ গৃহহীন ব্যক্তিদের অভিজ্ঞতার সাথে অবগত হওয়ার কারণে - যা অংশগ্রহণকারীদের নিরাপদ এবং আরামদায়ক নতুন বাড়ির পরিপূরক। এই পরিষেবাগুলি বৃহত্তর ব্রঙ্কস সম্প্রদায়ের ন্যায়বিচারের সাথে জড়িত সদস্যদের জন্যও উপলব্ধ।"

**বাবা হালম, এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনারদের (Enterprise Community Partners) সিস প্রেসিডেন্ট এবং নিউ ইয়র্ক মার্কেট লিডার বলেছেন,** "আমরা এই অসাধারণ প্রকল্পটিকে সমর্থন করতে পেরে উচ্ছাসিত এবং আশাবাদী যে এটি ন্যায়বিচারের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের চাহিদা পূরণের জন্য অন্যান্য উন্নয়নের জন্য একটি মডেল প্রদান করতে পারে, যা প্রায়শই অপূর্ণ থাকে। পূর্বে বন্দী ব্যক্তিরা নিরাপদ, স্থিতিশীল আবাসনের অ্যাক্সেস পাওয়ার যোগ্য, যা বৈষম্য থেকে মুক্ত, যখন তারা তাদের সম্প্রদায়ে ফিরে আসে এবং তাদের জীবন পুনর্নির্মাণ করে এবং আমরা গর্বিত যে এই ভবনটি ব্রঙ্কসের বয়স্কদের সেই গুরুত্বপূর্ণ অধিকার প্রদান করবে।"

**জেন সিলভারম্যান, চেজের (Chase) কমিউনিটি ডেভেলপমেন্ট ব্যাংকিং এর নির্বাহী পরিচালক বলেন,** "আমরা ট্রিনিটি-রেভারেন্ড উইলিয়াম জেমস সিনিয়র অ্যাপার্টমেন্টের অর্থায়নে একটি ভূমিকা পালন করতে পেরে গর্বিত এবং ব্রঙ্কসে ক্রমবর্ধমান প্রবীণ জনগোষ্ঠীর জন্য নির্ধারিত অ্যাপার্টমেন্ট এবং পূর্বে কারাবন্দী ব্যক্তিদের জন্য সহায়তা পরিষেবা সহ বহু প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরির ক্ষেত্রে অবদান রেখেছি। এই উন্নয়ন যে প্রতিশ্রুতি প্রদর্শন করে তা ফৌজদারি বিচার ব্যবস্থায় ইতিহাস সহ মানুষদের নিয়োগ এবং অগ্রগতিতে সহায়তা করার জন্য আমাদের নিজস্ব সেকেন্ড চান্স প্রোগ্রামের সাথে ভালভাবে সুবিন্যস্ত।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418